

**ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি**  
**Thu, Jul 15th, 2010 10:36 pm**

ঢাকা, জুলাই ১৫ (বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম)- ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে বুধবার স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির আয়োজন করা হয়।

খেলাসেমিয়া ফাউন্ডেশন, ব্র্যাক বিশ্ববিদ্যালয় ফিল্ম ক্লাব ও সোসাল ডেভেলপমেন্ট ফোরাম যৌথভাবে এ কর্মসূচির আয়োজন করে।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আইনুল নিশাত, উপ-উপাচার্য অধ্যাপক মোঃ গোলাম সামদানী ফকির ও রেজিস্ট্রার ইশফাক ইলাহী চৌধুরী রক্তদান কর্মসূচি পরিদর্শন এবং রক্তদানে উৎসাহিত করেন।

এ সময় মোট ৬৫ প্যাকেট রক্ত সংগ্রহ হয়।

এ ছাড়া বিনামূল্যে ব্লাড গ্রুপিং, হেপাটাইটিস-বি ও হেপাটাইটিস-সি পরীক্ষা করা হয়।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন বাংলাদেশ খেলাসেমিয়া হাসপাতালের উপদেষ্টা মুস্তাফিজুর রহমান।

বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকম/এইচএ/২২২৭ ঘ.